

প্রতিষ্ঠাতা সম্পাদক
শাহাদত চৌধুরী
সম্পাদক
মঈনুল আহসান সাবের
সহযোগী সম্পাদক
মারুফ রায়হান
উপ-সম্পাদক
ইমতিয়্যার শামীম
সহকারী সম্পাদক
মনজুর শামস
প্রধান প্রতিবেদক
খোন্দকার তাজউদ্দিন

প্রতিবেদক
শানজিদ অর্পব

প্রদায়ক
জেড এম সাদ, সাইমা ইসলাম তন্দ্ৰা

নিয়মিত লেখক
রাহনুমা শর্মা, ইসমাইল মাহমুদ
জুলফিয়ার ইসলাম

ফটোসংবাদিক
সুদীপ্ত সালাম

ইভেন্ট সমন্বয়কারী
শাশা মানসুর চৌধুরী

প্রধান আলোকচিত্রী
তুহিন হোসেন

প্রতিনিধি
মামুন রহমান দক্ষিণাঞ্চল
অপূর্ব শর্মা সিলেট

এস এম আজাদ চট্টগ্রাম
মাহমুদ হোসেন পিটু বগুড়া
মাহফুজ সুমন হবিগঞ্জ, মৌলভীবাজার

ইয়াসমীন রীমা কুমিল্লা
শংকর লাল দাশ পটুয়াখালী
আবু জাফর সাবু রংপুর
সঞ্জয় সরকার নেত্রকোনা
ছোটিন সাহা ভোলা

গ্রাফিক এডিটর
হাবিবুর রহমান

এজিএম মার্কেটিং
সামিউল ইসলাম

যোগাযোগ

ডেইলি স্টার সেক্টর
৬৪-৬৫ কাজী নজরুল ইসলাম
অ্যাভিনিউ, ঢাকা-১২১৫

পিএবিএক্স : ৯১৩১৯৪২, ৯১৩১৯৫৭,
৯১৩২০২৫, ফ্যাক্স : ৯১৩১৮৮২
সার্কেলশন/বিজ্ঞাপন : ৯১৩২১১৬

ই-মেইল :

info.shaptahik2000@gmail.com

দাম : ১০ টাকা

মাহফুজ আনাম

কর্তৃক মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড-এর পক্ষে
৫২ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ থেকে
প্রকাশিত ও ট্রান্সক্রাফট লিঃ,
২২৯ তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।

সম্পাদকবীয়া

১৩ আষাঢ় ১৪২১ ■ ২৭ জুন ২০১৪
বর্ষ ১৭ সংখ্যা ৬



প্রচ্ছদ : হাবিবুর রহমান

জয়, ফুটবলের জয়

বিশ্বকাপ ফুটবলের জোয়ারে সাঁতার কাটছে বাংলাদেশ- রাতের নিস্তর্রতা ভেঙে হঠাৎ করেই ভেসে আসছে নিরুর্ম উত্তেজিত মানুষের উল্লাস অথবা আশাভঙ্গের চিৎকার। এক মাসের এই আয়োজন মানুষের অভাস্ত জীবনযাত্রাকে বিন্যস্ত করেছে নতুন করে। ছাপান্ন হাজার বর্গমাইলের বাংলাদেশ তার বুক তুলে নিয়েছে পরিচিত-অপরিচিত আরো সব দেশকে। বিভিন্ন বাড়ির ছাদে উড়ন্ত পতাকা সাক্ষ্য দিচ্ছে সেখানে বসবাসরত মানুষদের প্রিয় দল সম্পর্কে। চায়ের কাপে ঝড় উঠছে খেলার মান নিয়ে, খেলোয়াড় ও রেফারিদের নিয়ে। প্রতিদ্বন্দ্বী সমর্থকরা একে অপরের সঙ্গে তর্ক করছে হালকা তির্যক স্বরে। সমর্থকরা প্রিয় দলের রাষ্ট্র, জনগণ, রাজনীতি, অর্থনীতি, জীবনযাপন ও অন্যান্য সাফল্য-অসাফল্য সম্পর্কেও কথা বলছে গভীর মনোযোগের সঙ্গে। পারস্পরিক সহনশীলতারও এ এক অনন্য দৃষ্টান্ত। হাজার মাইল দূরের দেশ হলেও গভীর এক বন্ধনে জড়িয়ে শাস্বত মানবঐক্যের অংশীদার হয়ে উঠেছে সবাই।

বাংলাদেশের মানুষরা এই প্রবণতার সঙ্গে জড়িয়ে পড়েছে বিশেষ করে টেলিভিশন বিস্তারের পর। যেখানে বিদ্যুৎ নেই, স্যাটেলাইট চ্যানেল নেই সেখানে ব্যাটারি ও অ্যান্টেনাচালিত টেলিভিশন নিয়ে খেলা দেখতে মগ্ন তারা। এ কথা বলার অপেক্ষা রাখে না, দেশি ফুটবলারদের অসাফল্য এবং সীমাবদ্ধতা যত বেশিই হোক না কেন, ফুটবলের সঙ্গেই আত্মিক সম্পর্ক এ দেশের আপামর মানুষের। এটিই প্রিয় ক্রীড়া এখানকার। এবারের বিশ্বকাপ ফুটবল আরো উত্তেজনাকর, কেননা সুপরিচিত দলগুলোকে ছাপিয়ে সাফল্যের নতুন সব দৃষ্টান্ত তৈরি করছে অপেক্ষাকৃত অনালোচিত দেশগুলোর ফুটবল দল। প্রসঙ্গত বলা চলে ক্রোয়েশিয়া, ঘানা, কোস্টারিকা, কলম্বিয়া, চিলি প্রভৃতি দলের কথা। বিশ্বকাপের ৮৪ বছরের ইতিহাসে এতগুলো ছোট দলের উত্থান কখনই দেখা যায়নি। এদের অভাবনীয় পারফরম্যান্সের কারণে এবারের প্রথম পর্বের হিসাব-নিকাশ অনেকটাই পাল্টে গেছে। বিশ্বকাপ শুরু পর দু সপ্তাহ পেরিয়ে গেলেও দ্বিতীয় রাউন্ডে কোন কোন দল যাবে, তার বেশিরভাগই এখনো নিশ্চিত হয়নি। নকআউট পর্ব শুরু হলে হয়তো আরো অনেক অঘটনের মধ্য দিয়ে বিশ্বকাপ ফুটবলের গতিধারাই পাল্টে যাবে।

এই অনন্য বিশ্বকাপ যে শেষ হওয়ার পরও অনেকদিন আলোচনার বিষয় হয়ে থাকবে, এতে কোনো সংশয় নেই। এ নিয়েও কোনো সংশয় নেই আমাদের, ফুটবল নিয়ে এই মগ্নতার মধ্য দিয়ে এ দেশের জনগণ আবারো প্রমাণ করেছে প্রতিকূল পরিবেশ-প্রতিবেশ, দারিদ্র্য, জীবনযাপনগত বিভিন্ন সীমাবদ্ধতার পরও তারা জীবনকে উপভোগ করতে জানে, আনন্দময় করে রাখতে জানে, মানুষের মিলনমেলায় অংশ নিতে জানে। জয়, ফুটবলের জয়।